



সংসদ অধিবেশন শেষে জিয়া-খালেদার সমাধিতে মির্জা আব্বাস



ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের কার্যক্রম শেষে ফেরার পথে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য এবং প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মির্জা আব্বাস।

বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) সমাধিস্থলে গিয়ে তিনি পুষ্পস্তবক অর্পণ করেন। পরে কিছু সময় নীরবে দাঁড়িয়ে জিয়াউর রহমান ও খালেদা জিয়ার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান তিনি। দীর্ঘ পাঁচ মাসের বেশি সময় সিঙ্গাপুর ও মালয়েশিয়ায় চিকিৎসা নেওয়ার পর বুধবার (২ সেপ্টেম্বর) রাতে দেশে ফেরেন মির্জা আব্বাস। দেশে ফেরার পর বৃহস্পতিবার প্রথমবার জাতীয় সংসদে গিয়ে দাপ্তরিক কার্যক্রমে অংশ নেন তিনি। সংসদ থেকে ফেরার পথেই তিনি জিয়াউর রহমান ও খালেদা জিয়ার সমাধিতে যান।

LENS ASIA